# অন্বেষণ

চরটির নাম জানি, এই মাত্র, জানি না কোথায়
কী প্রকারে যেতে হয়, কতদূর ক’দিনের পথ
নৌকায় বসেছি উঠে, একবস্ত্র, যা থাকে কপালে
শুনিনি বারণ কারও, পথে যারা আড় হয়ে ছিল
বলেছি বিনীত স্বরে   যেতে দাও, তোমাদের কারও
ক্ষতি তো করিনি আমি, বাস্তবিক চাইওনি কিছু।

কত ঋতু কেটে গেছে, মনে নেই আর ক’তারিখ
শুধু জল, লবণাক্ত, জলস রাখে জলের হিসেব
দু’একটি গাঙচিল আর পাড়ে সারিসারি মৃত
মানুষের ঘরবাড়ি, হাটখোলা, মাটির উনুন
দূর থেকে শান্ত খুব, ঘুর্ণি যত মোহনার কাছে
পাক খেয়ে নীচে নামে; এই তবে, এই কালস্রোত!

কালস্রোতে ভেসে যাই, মনে হয়, ঝিাসের চর
আসলে কোথাও নেই, এই সত্য, অন্বেষণটুকু।

সুধীর মণ্ডল

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com